

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বেসরকারি মাধ্যমিক-২  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

নং-৩৭.০০.০০০০.০৭৩.৪৪.০১০.১৬-১৪৩

তারিখ:

২২ বৈশাখ ১৪২৬

০৫ মে ২০১৯

**অফিস আদেশ**

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এন.টি.আর.সি.এ.)-এর ডাটা এন্ট্রি অপারেটর জনাব মো: ইমদাদুল হক সোহাগ (চাকুরী হতে অপসারণকৃত)-এর বিরুদ্ধে উত্থাপিত কতিপয় অভিযোগের পরিপ্রেক্ষিতে ০৭/২০১৫ নং বিভাগীয় মামলা রুজু করা হয়। উক্ত বিভাগীয় মামলায় জনাব মো: ইমদাদুল হক সোহাগ-কে দোষী সাব্যস্ত করে তাকে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৯ এর বিধি ৩৯ (১) (খ) (ই) অনুযায়ী চাকুরী হতে অপসারণ দণ্ড প্রদান করা হয়।

উক্ত দণ্ডদেশের বিরুদ্ধে জনাব মো: ইমদাদুল হক সোহাগ বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৯ এর ধারা ৪৭ মোতাবেক আপীল আবেদন করেন। বিভাগীয় মামলার সকল নথিপত্র পর্যালোচনা করা হয় এবং এ বিষয়ে গৃহীত কার্যক্রমের সঠিকতা যাচাই করা হয়।

দণ্ড প্রদানকারী কর্তৃপক্ষের আদেশটি বাতিল কিংবা দণ্ড শিথিল করার মত কোন উপাদান না পাওয়ায় বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এন.টি.আর.সি.এ.)-এর ডাটা এন্ট্রি অপারেটর জনাব মো: ইমদাদুল হক সোহাগ (চাকুরী হতে অপসারণকৃত)-এর বিরুদ্ধে রুজুকৃত ০৭/২০১৫ নং মামলায় আরোপিত দণ্ড বহাল রাখা হয়।

পরবর্তীতে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এন.টি.আর.সি.এ.)-এর ডাটা এন্ট্রি অপারেটর মো: ইমদাদুল হক সোহাগ, (চাকুরি হতে অপসারণকৃত) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ২৫/০২/২০১৯ তারিখের ৩৭.০০.০০০০.০৭৩.৪৪.০১০.১৬-৫৬ নং আদেশের পরিপ্রেক্ষিতে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৯ এর ধারা ৪৯ মোতাবেক পুনরীক্ষণ (Review)-এর জন্য মন্ত্রণালয়ে আবেদন করেন এবং তা মন্ত্রণালয় কর্তৃক গৃহীত হয়।

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এন.টি.আর.সি.এ.)-এর ডাটা এন্ট্রি অপারেটর মো: ইমদাদুল হক সোহাগ, (চাকুরি হতে অপসারণকৃত)-এর বিরুদ্ধে রুজুকৃত ০৭/২০১৫ বিভাগীয় মামলার আরোপিত দণ্ড বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৯ এর ধারা ৪৯-এর আওতায় নথিপত্র পুনরীক্ষণ (Review) করে দণ্ডের আদেশ রদ-রহিতকল্পে নতুন কোন তথ্য উপাত্ত না পাওয়ায় পূর্বের আরোপিত আদেশ বহাল রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।



(অসীম কুমার কর্মকার)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৭০৬৭২

as.sec3@moedu.gov.bd

চলমান পাতা/

নং-৩৭.০০.০০০০.০৭৩.৪৪.০১০.১৬-১৪৩


তারিখ:

২২ বৈশাখ ১৪২৬

০৫ মে ২০১৯

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এন.টি.আর.সি.এ.), রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৪ ও ৫), ৩৭/৩/এ ইন্সটান গার্ডেন রোড, রমনা, ঢাকা।
- ২। সিনিয়র সচিবের এর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২) এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। মো: ইমদাদুল হক সোহাগ, ডাটা এন্ট্রি অপারেটর (চাকুরী হতে অপসারণকৃত), বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এন.টি.আর.সি.এ.), ঢাকা।

  
(অসীম কুমার কর্মকার)  
সিনিয়র সহকারী সচিব